৫৭

ভোরের কাগজ

তারিখ 08 JAN 1994
পৃষ্ঠা 2 কলাম 7

# রাজধানীর স্কুলগুলোতে এখন ভর্তির ব্যস্ততা

কাগজ প্রতিবেদক : রাজধানীর স্কুলগুলোতে এখন ভর্তির মৌসুম। ফরম বিক্রি, পরীক্ষা নেওয়ার ব্যস্ততা সর্বত্র। ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা নিচ্ছে পরীক্ষার প্রস্তুতি। আর অভিভাবকরা ছোটাছুটি করছেন 'ভালো স্কুলে' সন্তানের জন্য ফরম সংগ্রহ আর জমা দেওয়ার জন্য। নগরীর সরকারি স্কুলগুলোতে ভর্তির ব্যাপারে নীতিমালা শিক্ষা অধিদপ্তর ইতিমধ্যে ঘোষণা করেছে। সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ সে অনুযায়ী আসন সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্তও নিয়েছেন। ২৪টি সরকারি স্কুলের মধ্যে ১৯টি স্কুলে গত বছর পর্যন্ত ডাবল শিফট চালু ছিল। বাকি পাঁচটি স্কুলে এবারো ডাবল শিফট চালু হচ্ছে না বলে জানা গেছে। এই স্কুলগুলো হচ্ছে ঢাকা গভঃ মুসলিম হাইস্কুল, ইসলামিয়া সরকারি হাইস্কুল, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ধানমণ্ডি গভঃ গার্লস হাইস্কুল ও ধানমণ্ডি কামরুন্নেসা গভঃ গার্লস হাইস্কুল। একই ভবনে সকাল ও বিকেলে দু'টি স্কুল চালু থাকায় ডাবল শিফট চালু সম্ভব নয়। ধানমণ্ডি গভঃ গার্লস হাইস্কুল ও কামরুন্নেসা স্কুল একই ভবনে আছে। অন্য তিনটি স্কুলে শিক্ষকের অভাব রয়েছে। আগামী বছর এগুলোয় ডাবল শিফট চালু হবে বলে শিক্ষা অধিদপ্তরের একজন কর্মকর্তা জানান।

অপরদিকে ধারণ ক্ষমতা অনুযায়ী আসন সংখ্যা বাড়ানোর জন্য স্কুলগুলো উদ্যোগ নিয়েছে। সবগুলো স্কুলে প্রথম শ্রেণীতে ভর্তি করানো হচ্ছে। তবে কোনো কোনো স্কুলে ষষ্ঠ ও নবম শ্রেণীতেও নতুন ছাত্র নেওয়া হবে। ২৪টি সরকারি স্কুলে এবার প্রথম শ্রেণীতে মোট ছাত্রছাত্রী ভর্তি করানো হবে ছয় হাজারের বেশি। এর মধ্যে উল্লেখযোগ্য স্কুলগুলো হচ্ছে গভঃ ল্যাবরেটরি স্কুলে ২২০ জন, ধানমণ্ডি গভঃ বয়েজ স্কুলে ১৮০ জন, মতিঝিল সরকারি বালক স্কুলে ২১৫ জন ও বালিকা স্কুলে ১৯৫ জন, শেরেবাংলানগর বালক বিদ্যালয়ে ১৮০ ও বালিকা বিদ্যালয়ে ১৭৫ জন, তেজগাঁও বয়েজ স্কুলে ২১০ জন, কামরুন্নেসা স্কুলে ১৭০ জন। প্রায় সবগুলো সরকারি স্কুলে প্রথম শ্রেণীতে এবার আসন সংখ্যা ২০ থেকে ৬০টি বাড়ানো হচ্ছে। তবে অন্যান্য শ্রেণীতে বার্ষিক পরীক্ষায় প্রমোশন না পাওয়া এবং ছাত্রছাত্রীদের অন্যত্র বদলির কারণে কিছু আসন খালি হচ্ছে।

অপরদিকে ভাল স্কুল বলে পরিচিত বেসরকারি স্কুলগুলোতেও ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। ভিকারুন্নেসা নূন স্কুলে ৪ তারিখ হতে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে এবং আগামীকাল পর্যন্ত চলবে। আইডিয়াল হাইস্কুলে আজ ভর্তি পরীক্ষা হবে। এ স্কুলে প্রথম শ্রেণীসহ বিভিন্ন শ্রেণীতে আসন হচ্ছে ২৮০টি। আর পরীক্ষা দিচ্ছে তিন হাজারের বেশি। উদয়ন স্কুলে ভর্তি পরীক্ষা নেওয়া হবে ১৫ তারিখ। এখন ফরম দেওয়া হচ্ছে। সরকারি স্কুলগুলোতে ১০, ১১ ও ১২ জানুয়ারি– এই তিনদিন ভর্তি পরীক্ষা নেওয়া হবে; এখন ফরম দেওয়া হচ্ছে। সরকারি স্কুল আর হাতে গোনা কয়েকটি বেসরকারি স্কুলের প্রতিই ভর্তিচ্ছু ছাত্রছাত্রী আর অভিভাবকদের আকর্ষণ বেশি। যেন একটু ঠাঁই পেলেই হয়। যদিও রাজধানীতে দুই হাজারের বেশি স্কুল আর কিন্ডার গার্টেন রয়েছে। প্রতিবছর নতুন ছাত্রছাত্রী ভর্তির সংখ্যা ১ লাখের কাছাকাছি।